

তারিখ: ১৭.০৮.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

অগ্নিদুর্ঘটনারোধে সবাইকে এগিয়ে আসতে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “মাইলস্টোন স্কুলের মতো মর্মান্তিক দুর্ঘটনা এড়াতে সবাইকে সচেতন হতে হবে। অগ্নিকাণ্ডের মতো দুর্ঘটনা শুধু জীবনহানি নয়, এটি সমাজ ও দেশের জন্যও বড় ক্ষতির কারণ। তাই আগুন লাগার ঝুঁকি কমাতে স্কুল, কলেজসহ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অগ্নি নির্বাপক যন্ত্র রাখা জরুরি। একইসাথে শিক্ষার্থী ও শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে অগ্নি দুর্ঘটনার সময় তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানানোর সক্ষমতা অর্জন করতে হবে।” রোববার (১৭ আগস্ট ২০২৫) বিকালে টাইগারপাসস্ব চসিক কার্যালয়ে ইনার হইল ক্লাব অব সী কুইন নেতৃত্বের সাথে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। মেয়র বলেন, “শুধু সরকারি উদ্যোগ নয়, সামাজিক ও মানবিক সংগঠনগুলোকেও এ কাজে এগিয়ে আসতে হবে। অগ্নি নির্বাপক যন্ত্র সরবরাহ, প্রশিক্ষণ কার্যক্রম ও জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করলে দুর্ঘটনার ঝুঁকি অনেকাংশে কমে আসবে। সিটি কর্পোরেশনও এ বিষয়ে সার্বিক সহযোগিতা করবে।” ইনার হইল ক্লাব অব সী কুইনের নেতৃত্বদ জানান, তারা বিভিন্নভাবে মানুষের সেবা করে আসছেন। সংগঠনের পক্ষ থেকে বলা হয়, চট্টগ্রামের অনেক স্কুলে অগ্নি নির্বাপক কেনার সক্ষমতা নেই। এতে শিক্ষার্থীরা আতঙ্কের মধ্যে ক্লাস করে যাচ্ছে। তাই তারা যৌথভাবে প্রতিটি স্কুলে অন্তত একটি করে অগ্নি নির্বাপক সরবরাহের পরিকল্পনা নিয়েছেন। পাশাপাশি ফায়ার সার্ভিসের সহায়তায় অগ্নি দুর্ঘটনা মোকাবেলায় প্রশিক্ষণ ও প্রদর্শনীর ব্যবস্থা করা হবে। এছাড়া নিম্ন আয়ের মহিলাদের জরায়ু ক্যান্সার প্রতিরোধে সচেতনতা কার্যক্রম, বিনামূল্যে পরীক্ষা ও শাস্ত্রীয় মূল্যে আজীবন টিকা প্রদানের উদ্যোগ গ্রহণের কথাও সংগঠনের পক্ষ থেকে জানানো হয়। এ ব্যাপারে চসিক মেয়রের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় ইনার হইল ক্লাব অব সী কুইনের সভাপতি সৈয়দা শাহনাজ আলম, সহ-সভাপতি সৈয়দা জীনা আরা নিপুন, সৈয়দা নাজিয়া তাবাসসুম, ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট ফারহানা হক, সেক্রেটারি শাহেদা সালাম, ট্রেজারার মুর্শিদা বেগম মিল্লি ও আইএসও নাজাদ সুলতানা মিলি উপস্থিত ছিলেন।



বিতর্কের মাধ্যমে যুক্তিবাদী সমাজ গড়তে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “বিতর্ক শুধু প্রতিযোগিতা নয়, এটি তরুণ প্রজন্মকে যুক্তি, বিবেক ও সচেতনতার আলোয় আলোকিত করে। বিতর্কের মাধ্যমে গড়ে তোলা সম্ভব যুক্তিবাদী, দায়িত্বশীল ও আলোকিত সমাজ।” রোববার (১৭ আগস্ট ২০২৫) বিকালে টাইগারপাসস্ব চসিক কার্যালয়ে অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের নবগঠিত গভর্নিং বডির প্রথম সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। মেয়র বলেন, “আমাদের মেয়েরা আজ প্রমাণ করেছে, জ্ঞানের আলো ও যুক্তির শক্তিতেই অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানো যায়। বিতর্ক তরুণ প্রজন্মকে আলোকিত সমাজ গঠনে নেতৃত্ব দেওয়ার সক্ষমতা তৈরি করে।” সভায় তিনি বিশেষভাবে অভিনন্দন জানান অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের ডিবেট টিমকে। সম্প্রতি নারী নির্যাতন ও যৌন হয়রানি প্রতিরোধে জনসচেতনতা বিষয়ক আন্তঃবিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় দলটি চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বিজয়ী তিন শিক্ষার্থীকে মেয়র তার ব্যক্তিগত তহবিল থেকে ১৫ হাজার টাকা পুরস্কার প্রদান করেন। এসময় সভায় উপস্থিত ছিলেন প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ রাশেদা আক্তার, অধ্যক্ষ মোহাম্মদ আবু তালেব (বেলাল), শিক্ষক প্রতিনিধি মোহাম্মদ নিজাম উদ্দীন আনোয়ারী ও নিগার সুলতানা, অভিভাবক প্রতিনিধি মো. আবদুল মালেক, প্রবাল রক্ষিত, রাশেদা আক্তার এবং শিক্ষানুরাগী সদস্য মোহাম্মদ আলী (মিঠু)। সভায় শিক্ষক-কর্মচারী নিয়োগ, অবকাঠামো উন্নয়ন, নতুন বিজ্ঞান ল্যাব ও শ্রেণিকক্ষ নির্মাণ, শিক্ষার্থীদের নিরাপদ চলাচল এবং কলেজ ভবনের পাশে স্থাপিত দোকান ব্যবস্থাপনা বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮